



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক ক্র:বি./তথ্য ও জন./প্র.বি/২০০৯/৩৫৯

তারিখ: ১৪/০৮/২০২৩ খ্রি.

প্রেসরিলিজ

কুবিতে অগ্নিনির্বাপক মহড়া

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অগ্নিনির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১৪ আগস্ট) সকাল ১১টায় ক্যাম্পাসের গোল চত্বরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুমিল্লা সদর দক্ষিণ এর সহযোগিতায় অগ্নিনির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় আগুন লাগলে তা নেভানোর বিভিন্ন কৌশল ও করণীয় সম্পর্কে বিশদ আলোচনা হয় এবং সেই সাথে অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহার শেখানো হয়।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন এবং মাননীয় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান এর উপস্থিতিতে মহড়া পরিচালনা করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুমিল্লা সদর দক্ষিণের স্টেশন অফিসার মীর মোঃ মারুফ। এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বিশ্ববিদ্যালয় এরিয়া এবং তদসংলগ্ন এলাকায় কোন ধরনের অগ্নিকাণ্ড ঘটলে এবং এর অবস্থা বেগতিক দেখলে সাথে সাথে ফায়ার সার্ভিস স্টেশনের হটলাইন ১৬১৬৩ বা ফোন নাম্বার ০১৫৫৬৪১০৫১০ বা ০১৮১৮০৯৭০০৯ এ কল করার অনুরোধ জানিয়েছেন ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন অফিসার মীর মোঃ মারুফ।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ডেপুটি (ডেপুটির মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি